

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মে ১৪, ২০০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ২৮শে বৈশাখ ১৪০৭/১১ই মে ২০০০

এস, আর, ও নং ১২৭-আইন/২০০০—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984 এর section 44(4) (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, মৎস্য খামার, হাঁস-মুরগীর খামার, গবাদি পশুর খামার, দ্রুপ এবং দ্রুপজাত দ্রব্যের খামার, ব্যাঙ উৎপাদন খামার, উদ্যান খামার প্রকল্প (horticulture), তুঁত গাছের চাষ, রেশম গুটিপোকা পালনের খামার, ছত্রাক (mushroom) উৎপাদন খামার এবং ফুল ও লতাপত্রের চাষ (floriculture), হইতে উদ্ভূত আয়কে উক্ত Ordinance এর অধীনে প্রদেয় কর হইতে ৩০শে জুন, ২০০৫ পর্যন্ত সময়কালের জন্য নিম্নরূপ শর্তে অব্যাহতি প্রদান করিল, যথাঃ—

- (ক) উল্লিখিত কর্মকাণ্ড হইতে উদ্ভূত করমুক্ত আয় ১,০০,০০০ (এক লক্ষ) টাকার অধিক হইলে উক্ত আয়ের ন্যূনতম শতকরা দশভাগ সরকার কর্তৃক ইস্যুকৃত বন্ড বা সিকিউরিটিতে সংশ্লিষ্ট আয় বৎসর শেষ হইবার ৯০ (নব্বই) দিনের মধ্যে বিনিয়োগ করিতে হইবে;
- (খ) এই প্রজ্ঞাপনের অধীন প্রদেয় কর হইতে অব্যাহতিপ্রাপ্ত করদাতা অব্যাহতির সময়কালের সংগে সম্পূর্ণ প্রত্যেক আয় বৎসরের আয়কর রিটার্ন সংশ্লিষ্ট Deputy Commissioner of Taxes এর নিকট দাখিল করিবেন;
- (গ) উল্লিখিত কর্মকাণ্ড হইতে অর্জিত কর অব্যাহতিপ্রাপ্ত আয়, অর্জনের ৫ (পাঁচ) বৎসরের মধ্যে স্থানান্তর করা যাইবে না ;

(১৭৫৩)

মূল্য : টাকা ১.০০

(ঘ) দফা (ক) হইতে (গ) তে উল্লিখিত শর্ত পালিত না হইলে আমর দাতা আমর অব্যাহতির সুবিধা প্রাপ্ত হইবেন না।

২। অত্র বিভাগের ৯ই অক্টোবর, ১৯৯১ মোতাবেক ২০শে আশ্বিন, ১৩৯৮ বাংলা তারিখের এস, আর, ও নং-৩০৯-আইন/৯১ দ্বারা জারীকৃত প্রজ্ঞাপন এতদ্বারা বাতিল করা হইল।

৩। এই প্রজ্ঞাপন ১লা জুনাই, ২০০০ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ফারুক আহমদ সিদ্দিকী

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়
ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।